মেহেরপুরে জাতীয় সমবায় দিবস ২০২৪ পালিত

“সমবায়ে গড়ব দেশ, বৈষম্যহীন বাংলাদেশ” এই প্রতিপাদ্যে মেহেরপুরে জাতীয় সমবায় দিবস ২০২৪ পালিত পালিত হয়েছে। দিবসটি উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য র্যালি, পতাকা উত্তোলন ও আলোচনা সভার আয়োজন করা হয়।

জেলা প্রশাসন ও জেলা সমবায় কার্যালয় আয়োজিত আলোচনা সভা আজ শনিবার (২ নভেম্বর) সকাল ১১ টার দিকে জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে আয়োজন করা হয়।

এর আগে জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র প্রাঙ্গনে এসে শেষ হয়।

জেলা সমবায় অফিসার প্রভাষ চন্দ্র বালার সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

জেলা সমবায় কার্যালয়ের সহকারী প্রশিক্ষক রোকনুজ্জামান তুষারের সঞ্চালনায় আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ তরিকুল ইসলাম, সহকারী কমিশনার (ভূমি) গাজী মূয়ীদুর রহমান, পুলিশ পরিদর্শক বজলুর রহমান, জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের উপ-পরিচালক এ জে এম সিরাজুল মূনীর।

এছাড়াও এসময় জেলা সমবায় কার্যালয়ের উপ-সহকারী নিবন্ধক মোঃ এনামুল হক, জেলা সমবায় দপ্তরের পরিদর্শক মোঃ নুরুজ্জামান, প্রশিক্ষক নুরুজ্জামান, তাঁত বিশেষজ্ঞ মাসুদ রানা, সহকারী পরিদর্শক মোঃ সাইফুল রহমান, জাহিদ হাসান প্রমুখ উপস্থিত ছিলেন।

পরে মেহেরপুর কর্তৃক শ্রেষ্ঠ সমবায় সমিতিকে পুরষ্কার বিতরণ করা হয়। এর মধ্যে ১ তম পুরষ্কার মোঃ আসলাম হোসেন, ২য় পুরষ্কার মোছাঃ আঞ্জুয়ারা খাতুন, ৩য় পুরষ্কার মোঃ মনিরুজ্জামান অর্জন করেন।

আলোচনার আগে জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র প্রাঙ্গনে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলন করেন জেলা প্রশাসক সিফাত

মেহনাজ এবং জেলা সমবায় অফিসার প্রভাষ চন্দ্র বালা।

একটি প্রত্যয়ন, জামিন, আলোচনা—সমালোচনা

সন্ত্রাস দমন আইনে গ্রেফতারের একদিন পর জামিন লাভ করেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. এ কে এম শফিকুল আলম। তিনি জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি ও গাংনী উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান।

অ্যাড. এ কে এম শফিকুল আলমের পক্ষে দেওয়া জেলা আইনজীবী সমিতির একটি প্রত্যয়ন পত্র নিয়ে আলোচনা—সমালোচনার জন্ম দিয়েছে। বিষয়টি নিয়ে বিএনপির নেতাকর্মীদের মুখে মুখে থেকে এখন সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়েছে।

বর্তমান জেলা আইনজীবী সমিতির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন সদর উপজেলা বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান অ্যাড. মারুফ আহমেদ বিজন। তিনি একদিকে যেমন বিএনপির শীর্ষ নেতা, অপরদিকে জেলা আইনজীবী সমিতির সভাপতিও। বর্তমানে তিনি পড়েছেন দোটানায়, ‘শ্যাম রাখি না কুল রাখ ‘ অবস্থায় পড়েছেন তিনি।

প্রত্যয়ন পত্র নিয়ে ফেসবুকে কেন্দ্রীয় যুবদলের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক প্রিন্স আহমেদ ইমরান লিখেছেন, “জুলাই—আগস্ট বিপ্লবে শহীদদের রক্তের দাগ শুকাতে না শুকাতে করেছে। মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক সফিকুল আলমের জামিনদার হলেন মেহেরপর মেহেরপুর সদর থানা বিএনপি সভাপতি মারুফ আহম্মেদ বিজন ভাই। শহীদের রক্তের সাথে বেইমানি করবেন না, তাহলে মানুষ ক্ষমা করবে না ।”

প্রিন্স আহমেদ ইমরানের স্ট্যাটাসে অ্যাড. এহান উদ্দিন মনা লিখেছেন, আসলে ভাই তোমাদের বিষয়টা জানার ভুল আছে। বিজন ভাই ঐখানে রাজনৈতিক ব্যাক্তি হিসাবে সাক্ষর করেন নাই উনি মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সভাপতি হিসেবে ওনার জিম্মায় মেহেরপুর জেলা

জজ সাহেব জামিন দিয়েছে। এখানে বিজন ভাই নয় সভাপতি হিসেবে যে দায়িত্বে থাকতো তাকেই এই দায়িত্বটা পালন করতে হতো আইনজীবী হিসাবে। সুতরাং আপনাদের ভাবনাটা সম্পূর্ণই ভুল।

প্রতি উত্তরে প্রিন্স আহমেদ ইমরান লিখেছেন, “এহান উদ্দিন মনা, আওয়ামী লীগের সাথে কিসের সৌজন্যতা। যারা দেশনেত্রী বেগম খালেদা জিয়াকে জামিন দেয় নাই তাদের সাথে কিসের সৌজন্যতা।”

নাজমুল হোসেন নামের একজন এহান উদ্দিনকে মেনশন করে লিখেছেন, “২০১৮ শফিকুল আলম সভাপতি ছিল তখন বিএনপির কয়টা আইনজীবীর জিম্মাদার হয়েছিল বলবেন কি? এমন কোন ডকুমেন্ট আছে।”

সামাজিক যোগাযোগ মাধ্যম ছাড়াও বিএনপির বেশ কিছু নেতাকর্মী অ্যাড, শফিকুল আলমের মামলার নথি ও জেলা আইনজীবী সমিতির প্রত্যায়ন পত্রও পাঠিয়েছেন মেহেরপুর প্রতিদিন কার্যালয়ে।

মুজিবনগরে বিএনপির নেতা রফিকুল ইসলামের দাফন সম্পন্ন

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহানজনপুর ইউনিয়নের গোপালপুর ওয়ার্ড বিএনপির সাবেক সভাপতি ও সাবেক ইউপি সদস্য রফিকুল ইসলামের জানাযা ও দাফন সম্পন্ন হয়েছে।

রফিকুল ইসলাম মুজিবনগর উপজেলা যুবদলের যুগ্ম-আহ্বায়ক খোরশেদ আলম দুখুর পিতা। হৃদরোগে আক্রান্ত হয়ে তিনি আজ শুক্রবার দিবাগত রাত চারটার দিকে কুষ্টিয়া মান্নান হার্ট ফাউন্ডেশন হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬৩ বছর। তিনি তার স্ত্রী, ৩ ছেলে সহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

আজ শুক্রবার ১১টার দিকে গোপালপুর ঈদগাহ মাঠে জানাজা শেষে ঈদগাহ মাঠ সংলগ্ন কবরস্থানে দাফন করা হয়।

জানাযা ও দাফনকাজে জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন, সাংগঠনিক

সম্পাদক আব্দুর রশিদ, সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, পৌর বিএনপি’র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবিব সোনা, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ শেনজির, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আকমল হোসেন মিন্টু, জেলা ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক আবু হাসানাত আফরোজ, জেলা বিএনপি’র ও মহাজনপুর ইউনিয়ন বিএনপি নেতাকর্মীসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ অংশ নেন।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক গুরুতর অসুস্থ, আইসিইউতে ভর্তি

র্যাবের হাতে সন্ত্রাস বিরোধী আইনে গ্রেফতারকৃত মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের সদ্য সাবেক চেয়ারম্যান এমএ খালেক জেলখানার অসুস্থ হয়ে পড়েছে। পরে তাঁকে গুরুতর অসুস্থ অবস্থায় পুলিশী পাহারায় মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের ইনটেনসিভ কেয়ার ইউনিট (আইসিইউ) তে ভর্তি করা হয়েছে।

মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্বাবধায়ক চিকিৎসক জমির মো: হাসিবুস সাত্তার এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, মেহেরপুর জেলা কারাগার থেকে গতকাল বৃহস্পতিবার (৩১ অক্টোবর) বিকেলে কারা পুলিশ এমএ খালেককে শ্বাসকষ্ট নিয়ে হাসপাতালে নিয়ে আসেন। পরে তার অবস্থা গুরুতর হওয়ায় হাসপাতালের ইনটেনসিভ কেয়ার ইউনিট (আইসিইউ) তে ভর্তি করে চিকিৎসা দেওয়া হচ্ছে। এমএ খালেকের হার্টেরও সমস্যা রয়েছে এবং ভারতের বেঙ্গালুরের একটি হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন। তবে, বর্তমানে তাঁর অবস্থা ভালো।

মেহেরপুর জেলা কারাগারের ভারপ্রাপ্ত জেল সুপার দেবদুলাল জানান,

গতকাল বৃহস্পতিবার (৩১ অক্টোবর) দুপুরের দিকে এমএ খালেককে কারাগারে নিয়ে আসেন পুলিশ। তারপর বিকালের দিকে তিনি অসুস্থ হয়ে পড়েন। কারাগারের চিকিৎসক তাঁকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে রেফার্ড করেন। সেখানেই ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে।

মুজিবনগরে জাতীয় যুব দিবস পালন

“দক্ষ যুব গড়বে দেশ, বৈষম্যহীন বাংলাদেশ “এই প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগরে পালিত হয়েছে জাতীয় যুব দিবস।

দিবসটি উপলক্ষে আজ শুক্রবার সকালে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি যুব র্যালি বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিন শেষে একই জায়গায় এসে শেষ হয়। পরে উপজেলা পরিষদ অডিটরিয়ামে উপজেলা প্রশাসন ও উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে, আলোচনা সভা, প্রশিক্ষণ সনদ ও ঋণের চেক বিতরণ অনুষ্ঠিত হয়।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দিনের সভাপতিত্বে এবং উপজেলা সহকারী যুব উন্নয়ন কর্মকর্তা জাফর ইকবাল এর সঞ্চালনায়, আলোচনা সভা, প্রশিক্ষণ সনদ ও চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর থানার এস আই সাজ্জাদ হোসেন, মুজিবনগর উপজেলা ছাত্র সমন্বয়ক আরিফ খান, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারূক প্রিন্স। এছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা মডেল মসজিদের পেশ ইমাম মতিউর রহমানসহ প্রশিক্ষণার্থীবৃন্দ।

জাতীয় যুব দিবস উপলক্ষে আত্মকর্মসংস্থান সুযোগ সৃষ্টির লক্ষে এবং যুবকদের আত্মনির্ভরশীল হিসাবে গড়ে তোলার জন্য অনুষ্ঠান শেষে ১৪ জন যুবক ও যুবতি মহিলার মাঝে সাড়ে ১০ লক্ষ টাকার ঋণের চেক ও প্রশিক্ষণ প্রাপ্তদের মাঝে সনদপত্র বিতরণ করা হয়।

এ সময় উপজেলার বিভিন্ন অফিসের কর্মকর্তা কর্মচারী সাংবাদিক ও

গাংনীতে গাঁজাসহ ২ মাদক কারবারী আটক

গাংনীতে ৫ কেজি গাঁজাসহ দুই মাদক কারবারীকে আটক করেছে গাংনী থানা পুলিশ। আজ শুক্রবার (০১ নভেম্বর) ভোররাতে গোপন সংবাদের ভিত্তিতে খবর পেয়ে গাংনী থানা পুলিশের একটি টিম তাঁদের বাড়িতে অভিযান চালিয়ে আটক করেন।

আটককৃতরা হলো, গাংনী উপজেলার গাঁড়াবাড়িয়া গ্রামের আজিবর রহমানের ছেলে শামিম হোসেন ওরফে রাজু (২৮) ও একই গ্রামের রতন আলীর ছেলে মোমিনুল ইসলাম(২১)।

গাংনী থানার ওসি বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, নিজ বাড়িতে মাদক নিয়ে অবস্থান করছে এমন সংবাদেব ভিত্তিতে উপপরিদর্শক (এসআই) পিন্টুর নেতৃত্বে পুলিশের একটি টিম ওই বাড়িতে অভিযান চালান।

এসময় ৫ কেজি গাঁজাসহ রাজু ও মোমিনুল ইসলাম আটক হন।

আটককৃত রাজু ও মমিনুলের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে মেহেরপুর জেলা হাজতে প্রেরণ করা হয়েছে।

জামায়াতে ইসলামীকে স্বাধীনতা

বিরোধী হিসেবে প্রচার করা হয়েছে: তাজউদ্দিন খান

জামায়াতে ইসলামীকে বাংলাদেশের মানুষ ১৭ টি বছর ধরে চিনেছে। এদেশের পেপার পত্রিকায়, এদেশের টিভি চ্যানেল, এমনকি রেডিওসহ সব জাগাতে আমাদের বিরুদ্ধে প্রচার করা হয়েছে স্বাধীনতা বিরোধী এবং ধর্ষক হিসাবে।আমাদের নামে প্রচার করা হয়েছে ১৯৭১ সালে জ্বালাও পুরাও সহ সমস্ত অপরাধ আমরা করেছি। আমাদের বিরুদ্ধে যেভাবে প্রচার করা হয়েছে তার এক পার্সেন্টও যদি জনগণ বিশ্বাস করতো তাহলে আমরা এদেশে বসবাস করতে পারতাম না। কিন্তু জনগণ এখন বুঝতে পারছে, এ সকল প্রচার এতদিন অপপ্রচার ছিল।

আজ শুক্রবার (০১ নভেম্বর) বিকালে আনন্দবাস বাজার প্রাঙ্গণে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন জামায়াতে ইসলামীর আয়োজনে এক কর্মী সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ সকল কথা বলেন মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর আমীর মাও: তাজউদ্দীন খান।

বাগোয়ান ইউনিয়ন জামায়াতে ইসলামীর আমীর ফারুক হুসাইনের সভাপতিত্বে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় শূরা সদস্য ও মেহেরপুর জেলা সমাজ কল্যান বিভাগের সাবেক সেক্রেটারী আলহাজ জারজিস হোসাইন, মুজিবনগর উপজেলা জামায়াতে ইসলামীর আমীর মাও: মো: খানজাহান আলী,সাধারন সম্পাদক খাইরুল বাশার, মেহেরপুর জেলা উলাম বিভাগের সভাপতি ও উপজেলা কর্ম পরিষদের সদস্য হাফেজ মাও: ফিরাতুল ইসলাম নাঈম, মেহেরপুর পৌর জামায়াতে ইসলামীর আমীর সোহেল রানা ডলার, দারিয়াপুর ইউনিয়ন জামায়াতে ইসলামীর আমীর মোস্তাফিজুর রহমান,মোনাখালি ইউনিয়ন জামায়াতে ইসলামীর সাধারণ সম্পাদক মোখলেসুর রহমান ও মুজিবনগর উপজেলা ছাত্র শিবিরের সভাপতি আবু তালহা।

উক্ত অনুষ্ঠানে জামায়াতে ইসলামীর ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের কর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের সনচালনা করেন বাগোয়ান ইউনিয়ন জামায়াতে ইসলামীর সাধারন সম্পাদক মো: হাফিজুর রহমান।

[redacted]

[redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] “[redacted]” [redacted]

[redacted] [redacted] ([redacted]) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted], [redacted] [redacted], [redacted] [redacted], [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

পালিত

“দক্ষ যুব গড়বে দেশ, বৈষম্যহীন বাংলাদেশ” এই প্রতিপাদ্যে মেহেরপুরে জাতীয় যুব দিবস ২০২৪ পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে বর্ণাঢ্য র্যালি, আলোচনা সভা, যুব ঋণের চেক, সনদপত্র ও ক্রেস্ট বিতরণ কর্মসূচীর আয়োজন করা হয়েছে।

মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে আজ শুক্রবার (১ নভেম্বর) সকাল ১০ টার দিকে সদর উপজেলা পরিষদের হলরুমে এক আলোচনা সভার আয়োজন করা হয়।

আলোচনার আগে জেলা প্রশাসনের কার্যালয় থেকে একটি র্যালি বের করা হয়। র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ করে সদর উপজেলা পরিষদ চত্বরে এসে শেষ হয়।

জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক ফিরোজ আহমেদের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

এসময় যুবকদের উদ্দেশ্য করে তিনি বলেন, যুবসমাজকে সচেতন থাকতে হবে এবং অন্যদের কেউ সচেতন করতে হবে।
যুবসমাজকে মাদক থেকে দূরে থাকতে হবে এবং একজন দক্ষ নাগরিক হিসেবে গড়ে উঠতে হবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক) মোঃ তরিকুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) গাজী মূয়ীদুর রহমান, জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের ডেপুটি কো-অডিনেটর ইকবাল মাহমুদ, ডিবির ওসি শেখ মেজবা উদ্দিন প্রমুখ।

জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের সিনিয়র প্রশিক্ষক মোছাঃ মাহমুদা খাতুনের সঞ্চালনায় এছাড়াও এসময় সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ সাজেদুল ইসলাম, সিনিয়র প্রশিক্ষক মোঃ আমিনুল ইসলাম উপস্থিত ছিলেন।

আলোচনার পরে শপথ পাঠ, যুব ঋণের চেক, সনদপত্র ও ক্রেস্ট বিতরণ করা হয়।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক এ্যাডঃ শফিকুল আলম জামিনে মুক্তি

সন্ত্রাস বিরোধী আইনে র্যাপিড একশন ব্যাটালিয়ন (র্যাব-১২)’র অভিযানে গ্রেফতারের একদিন পরেই জামিনে মুক্তি পেলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান অ্যাডভোকেট একেএম শফিকুল আলম।

আজ বৃহস্পতিবার (৩১ অক্টোবর) বিকালে মেহেরপুর জেলা জজ আদালতের বিচারক মো মনজুল ইমামের আদালতে জামিনের আবেদন করলে তিনি জামিন দেন।

মেহেরপুর জজকোর্টের সিনিয়র আইনজীবী অ্যাডভোকেট মিয়াজান আলী, অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, খন্দকার আব্দুল মতিনসহ কয়েক ডজ্জন আইনজীবী সিনিয়র আইনজীবি জামিনের আবেদন করেন।

তবে, একই মামলায় পৃথকভাবে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সদ্য সাবেক উপজেলা চেয়ারম্যান এমএ খালেকের পক্ষে জামিনের আবেদন করলেও তিনি জামিন পাননি ।

অ্যাডভোকেট মিয়াজান আলী বলেন, মেহেরপুর জজকোর্টের সিনিয়র আইনজীবী ও সাবেক উপজেলা চেয়ারম্যান একেএম শফিকুল আলমের পক্ষে জেলা জজ আদালতে জামিনের আবেদন করলে জেলা জজকোর্টের বিচারক মো মনজুল ইমাম এ্যাডঃ শফিকুল আলমের জামিন মঞ্জুর করেন।

এদিক জামিনের পর অ্যাডভোকেট শফিকুল ইসলাম বলেন, আমি সাংবাদিকদের কাছে কৃতজ্ঞ। সাংবাদিকরা আমার ব্যাপারে সবাই পজেটিভ সংবাদ পরিবেশন করেছে। তিনি আরও বলেন, আমাকে মিথ্যা মামলায় হয়রানি করার উদ্দেশ্য আটক করা হয়েছে।

এর আগে গত বুধবার (৩০ অক্টোবর) রাতে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান এম এ

খালেক এবং যুগ্ম সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান অ্যাডভোকেট শফিকুল আলমকে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান (র্যাব-১২) সিপিসি-৩ গাংনী ক্যাম্প পৃথক অভিযান চালিয়ে আটক করেন।

তাদের বিরুদ্ধে সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী ২০১৩) ধারা ৬(২)/১০/১১/১২/১৩ মূলে দায়ের করা মামলা যার নম্বর -১১, তারিখ ১৯/০৮/২৪ গ্রেপ্তার দেখিয়ে আদালতে সোপর্দ করা হয়।